

চরফ্যাশনে পরীক্ষা কেন্দ্রে অনিয়ম : ৯ শিক্ষক কর্মচারীকে অব্যাহতি

সংবাদ : প্রতিনিধি, চরফ্যাশন (ভোলা)

| ঢাকা, শনিবার, ১৯ অক্টোবর ২০১৯

চরফ্যাশনে মাদ্রাসার ৭ জন অধ্যক্ষসহ ৯ জনকে পরীক্ষা কেন্দ্র পরিচালনার দায়িত্ব থেকে বিরত রাখার জন্য নির্দেশ দেয়া হয়েছে। গত ২ অক্টোবর বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকার পরীক্ষা নিয়ন্ত্রক মো. কামাল উদ্দিন স্বাক্ষরিত পত্রে উপজেলা নির্বাহী অফিসারকে এই নির্দেশ প্রদান করা হয়েছে। গতকাল উপজেলা নির্বাহী অফিসার মো. রফিউল আমিন এই তথ্য নিশ্চিত করেছেন।

অভিযুক্তরা হচ্ছেন-চরফ্যাশন কারামাতিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ মো. আশরাফ আলী, নুরাবাদ হোসাইনিয়া ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ মো. মনিরুল ইসলাম, হাজুরীগঞ্জ ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ মো. মইনুদ্দীন, করিমজান কামিল মাদ্রাসার অধ্যক্ষ আব্দুল খালেক, পশ্চিম জিনাগড় নূরীয়া মাদ্রাসার অধ্যক্ষ ছিদ্রিক উল্যাহ, ওমরপুর গাফুরিয়া ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ আব্দুল হামিদ, ওমরাবাজ লুৎফুন নেচ্ছা মহিলা আলিম মাদ্রাসার অধ্যক্ষ মাহবুল্যাহ, আনজুর

হাট আলম মাদ্রাসার প্রভাষক মো. মজানুর রহমান, চরফ্যাসন কারামাতিয়া কামিল মাদ্রাসার অফিস সহকারী মো. আসাদুল ইসলাম।

শিক্ষা বোর্ড প্রেরিত পত্রে ভোলা জেলার চরফ্যাসন উপজেলার চরফ্যাসন কেন্দ্র-১, কেন্দ্র কোড-৫৫৬নং কেন্দ্রে ২০১৯ সনের আলিম পরীক্ষাকেন্দ্র পরিচালনা সংক্রান্ত বিভিন্ন অনিয়ন্ত্রের অভিযোগ থাকায় এসব শিক্ষক কর্মচারীগণকে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত কেন্দ্র পরিচালনার দায়িত্ব থেকে বিরত রাখার জন্য বলা হয়েছে।

এ বিষয়ে প্রয়োজুনীয় ব্যবস্থা গ্রহণ করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকার পরীক্ষা নিয়ন্ত্রককে জ্ঞানান্তর জন্য উপ-পরীক্ষা নিয়ন্ত্রককে নির্দেশ দেয়া হয়েছে। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সে অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাসনকে নির্দেশ প্রদান করেছেন। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক শাহাদাত হোসেন এই প্রতিনিধিকে জানান, পরীক্ষাকেন্দ্রের দুয়িত্ব থেকে উল্লেখিত ৯ জন শিক্ষক কর্মচারীকে অব্যাহতি প্রদানের আদেশ বহাল আছে। অভিযুক্তদের দায়িত্বে পুনবহাল করা সম্ভব না।